উপজেলা পরিষদ
কুলিয়ারচর, কিশোরগঞ্জ
kuliarchar.kishoreganj.gov.bd

## কুলিয়ারচর উপজেলা পরিষদের সেপ্টেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : ইয়াছির মিয়া
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুলিয়ারচর, কিশোরগঞ্জ

সভার তারিখ : ২৮/০৯/২০২১খ্রি.

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভায় উপস্থিতি ও অনুপস্থিত সদস্যগণের বিবরণ পরিশিষ্ট 'খ'

বর্তমান কোভিড-১৯ পরিস্থিতিতে জুম অ্যাপসের মাধ্যমে ভিডিও কনফারেন্সে যুক্ত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ বলেন আজ ২৮ শে সেপ্টেম্বর ২০২১ মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫ তম জন্ম বার্ষিকী উপলক্ষে তার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় ভার্চুয়ালী দোয়ার আয়োজন করা যেতে পারে। তখন উপজেলা মডেল মসজিদের পেশ ইমাম মোনাজাত পরিচালন করেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ নিম্নোক্ত বিভাগসমূহের কার্যক্রমের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার আলোচনায় অংশ নিয়ে জানান যে, খরিপ-২/২০২১-২২ মৌসুমে ৬৭৫৫ হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ করা হয়েছে। আধুনিক ধানের চাষাবাদ প্রযুক্তি যেমন- লাইন, লঘু ও পাচিং, সুষম সার ব্যবহার, সঠিক বয়সের চারা রোপন কার্যক্রম অব্যাহত আছে। রোপা আমন ধানের জমিতে রোগ ও পোকা মাকড় দমনে আলোক ফাঁদ স্থাপন করা হয়েছে। খরিপ-২/২০২১-২২ মৌসুমে সার, বীজ ও কীটনাশকের সরবরাহ নিশ্চিত করণে প্রত্যক্ষ মনিটরিং চলমান। খরিপ -২ মৌসুমে কৃষক প্রশিক্ষণ, উঠান বৈঠক ও মাঠ দিবস বাস্তবায়ন। আসন্ন রবি মৌসুমে বোরো ধানের এবং অন্যান্য ফসলের আবাদ বৃদ্ধির জন্য কর্মপরিকল্পনা তৈরি। ২০২১-২০২২ অর্থ বছরে খরিপ-২/২০২১-২০২২ মৌসুমে নাবী পাট বীজ উৎপাদন প্রদর্শনী বাস্তবায়নের জন্য ৩০জন এবং মাসকলাই উৎপাদন বৃদ্ধির জন্য ৬০ জন কৃষকের মাঝে প্রণোদনা কর্মসূচির আওতায় বীজ ও সার বিনামূল্যে বিতরণ করা হয়েছে।<br>সিদ্ধান্ত : ফসলের মাঠে যাতে কোন রোগ বালাইয়ের আক্রমন না হয় সেবিষয়ে কৃষকের সাথে নিয়মিত যোগাযোগ ও প্রত্যেক্ষ মনিটরিং জোরদার করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কুলিয়ারচর |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, আজকে একটি বিশেষ দিন। মাননীয় প্রধানমন্ত্রীর জন্ম দিন। সারা দেশের ন্যায় আমাদের কুলিয়ারচর উপজেলার ১টি পৌরসভা ও ৬টি ইউনিয়ন পরিষদে করোনা টিকা কার্যক্রম চালু আছে। আজকে প্রত্যেক টিকা কেন্দ্রে হতে ১২০০ জনকে টিকা প্রদান করা হবে। এখন পর্যন্ত ৯০০-১০০০ পর্যন্ত লক্ষমাত্রা অর্জিত হয়েছে। এখন পর্যন্ত কুলিয়ারচর উপজেলায় ২০,০০০ জনকে টিকার আওতায় এনেছি। ১ম ডোজ রাউন্ড ফিগারে ২০,০০০ জনকে দিয়েছি। পূর্বে যারা রেজিস্ট্রেশন করেছেন শুধু তারাই টিকার আওতায় আসবে। বিকালে নির্দেশনা আসে যারা আইডি কার্ড নিয়ে আসবে তাদের টিকা দেয়া যাবে। বিশেষ করে আজকের দিনে যারা আইডি কার্ড নিয়ে আসবে তারাই টিকা নিতে পারবে। প্রত্যেক ইউপিতে আমরা ১২০০ জনকে টিকা দিতে পারবো। আমাদের করোনা পরিস্থিতি এখন নিম্নমুখী। আমাদের হাসপাতলে করোনা টিকার কোন স্বল্পতা নেই। আমার হাসপাতালের ভিতরে ৪/৫টি মৃত গাছ আছে। গাছগুলি টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের জন্য অনুরোধ জানাচ্ছি। এছাড়া আমার হাসপাতালের কোন স্টাফ উপজেলা পরিষদের বাসা বাড়িতে অবস্থান করেন না। | ১.উপজেলা স্বাস্থ্য ও পরিবার প: কর্মকর্তা, কুলিয়ারচর |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, প্রাণী সম্পদ বিভাগ হাওর অঞ্চলের সমন্বিত দরিদ্র জনগোষ্ঠীর উন্নয়নের জন্য ১টি প্রকল্প হাতে নিয়েছে। গরু মোটা তাজা করা জন্য ১০০ জন ব্যক্তিকে প্রশিক্ষণ দেয়া হবে। প্রশিক্ষণের উদ্দেশ্যে হলো ভাল, সুস্থ সবল গরু উপহার দেয়া। ৬টি ইউনিয়ন ও ১টি পৌরসভা থেকে প্রশিক্ষনার্থী নিয়ে প্রশিক্ষণ হবে। প্রত্যেক ইউপি চেয়ারম্যানগণের সাথে আমাদের মাঠকর্মীগণ আলোচনা করে একটি তালিকা প্রণয়ন করেছেন। এছাড়া প্রাণী সম্পদ বিভাগের ভ্যাকসিন ও প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে।<br>সিদ্ধান্ত : দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুলিয়ারচর |
| ০৪ | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে কুলিয়ারচর উপজেলা হেডকোয়াটার-জামতলা সড়কটি GOM Maintenance আওতায় দরপত্র আহবান করা হয়েছে।<br>কুলিয়ারচর দাড়িয়াকান্দি সড়কটির কিছু কিছু জায়গায় যে বড় গর্ত সৃষ্টি হয়েছে তা গর্ত ভরাট পূর্বক উপযোগী করা হয়েছে। বর্তমানে Flood Damage এর আওতায় ঠিকাদারের মাধ্যমে সড়কের মেরামত কাজ চলমান। GOM Maintenance আওতায় বাজরা বাজার আরএন্ডএইচ সালুয়া ভায়া ডুমরাকান্দা বাজার সড়কের দরপত্র আহবান করা হয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরের এডিপি এর ১ম কিস্তি বাবদ ১৫.০০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে।<br>সিদ্ধান্ত : দ্রুত টেন্ডার প্রক্রিয়ার কার্যক্রম শেষ করে কার্যাদেশ প্রদানের জন্য ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কুলিয়ারচর |
| ০৫. | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন আজকে আমরা মৎস্যের উপর মোবাইল কোর্ট পরিচালনা করি। অবৈধ জাল জব্দ করে পুড়িয়ে দেই। তছাড়া ২৫০০০/- টাকা জরিমানাও করা হয়। আগামী ০৫-২৫ অক্টোবর ২০২১ পর্যন্ত ইলিশ মাছ ধরা, বিক্রি করা ও পরিবহন করা আইনত দন্ডনীয় অপরাধ। ইলিশ মাছ মজুদ করা ও যাবে না। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতা চাই। | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কুলিয়ারচর |
| ০৬. | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন, স্থায়ী ও দীর্ঘ মেয়াদী পদ্ধতির অগ্রগতি- স্থায়ী পদ্ধতির মোট লক্ষ্যমাত্রা ছিল ৩৫ জন অর্জন হয়েছে ২২জন, আইইউডি লক্ষমাত্রা ছিল-২৫জন অর্জিত হয়েছে-০৩জন এবং ইমপ্লানন লক্ষ্যমাত্রা ছিল-৫২জন অর্জিত হয়েছে-০জন। এছাড়া আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে।<br>সিদ্ধান্ত : প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী অজর্ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুলিয়ারচর |
| ০৭. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন ১২/০৯/২০২১ তারিখ হতে বিদ্যালয়গুলোতে স্বশরীরে পাঠদান কার্যক্রম চলমান। প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণিতে সপ্তাহে ১দিন ও ৫ম শ্রেণীতে সপ্তাহে ৬দিন পাঠদান কার্যক্রম চলমান। কর্মরত ৪৭০জন শিক্ষকের মধ্যে ৪৪৮জন কোভিড-১৯ এর টীকা গ্রহণ করেছেন। টীকা গ্রহণের হার ৯৫%। আমার অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী আমরা টিকা গ্রহণ করেছি।<br>সিদ্ধান্ত : প্রত্যেক বিদ্যালয়ে সঠিকভাবে পাঠদান হচ্ছে কিনা তা নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, কুলিয়ারচর |
| ০৮. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন আমাদের ক্লাসসমূহ ১২ তারিখ থেকে শুরু হয়েছে। নবম-দশম ও একাদশ- দ্বাদশ শ্রেণীর এ্যাসাইনমেন্ট জমা হয়েছে। এইচএসসি পরীক্ষা ডিসেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুলিয়ারচর |
| ০৯. | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের কাবিকা বরাদ্দ এসেছে। আমরা নগদ টাকা, চাউল ও গমের প্রকল্প নিব। আমরা প্রত্যেক ইউনিয়নের জনসংখ্যার ভিত্তিতে বরাদ্দ বন্টন করেছি। বজ্রপাতে নিহত ব্যক্তির পরিবার ২০,০০০/- টাকা আর্থিক সাহায্যে প্রদান করেছি। এসবিবির বকেয়া বিল পরিশোধ করেছি। এছাড়া অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ঠিকাদার নির্বাচন করেছি। দ্রুত কার্যাদেশ প্রদান করা হবে।<br>সিদ্ধান্ত : অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মান কাজ যাতে গুণগত মান বজায় রেখে প্রাক্কলন মোতাবেক সম্পন্ন করে এ বিষয়ে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুলিয়ারচর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০. | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্প এর ২০২০-২০২১ অর্থ বছরে বরাদ্দের স্থান তালিকা ছয়সূতি ইউপির পেয়েছি। উছমানপুর ইউপির তালিকা এখনো পায়নি। উল্লেখ্য যে, স্থান তালিকা প্রাপ্তিতে বিলম্বের কারণে কার্যাদেশ বাতিল হলে এর দায়ভার ওয়াটসন কমিটির উপর বর্তাবে মর্মে প্রকল্প পরিচালক মহোদয়ের কার্যালয় হতে পত্র পাওয়া গেছে। এছাড়া সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে মোট ১৫৬টি নলকূপের বরাদ্দ আসে। প্রত্যেক ইউনিয়নে ২৬টি করে নলকূপ স্থাপিত হবে। আমরা ইতিমধ্যে নলকূলের স্থান তালিকা চেয়ে প্রত্যেক ইউপি চেয়ারম্যান বরাবর পত্র পাঠিয়েছি।<br>সিদ্ধান্ত : স্থান তালিকা চেয়ে ইউপি চেয়ারম্যানগণকে প্রেরিত পত্রের অনুলিপি উপজেলা নির্বাহী অফিসারকে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কুলিয়ারচর |
| ১১. | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, বয়স্ক ভাতা ও বিধবা ভাতার ৩১ আগস্ট আবেদনের শেষ তারিখ ছিল। ১টি পৌরসভা ও ৬টি ইউনিয়ন পরিষদে বয়স্ক ভাতার মোট আবেদন জমা পড়ে ৩২৯৬টি। বিধবা ভাতার আবেদন জমা পড়ে মোট ৩৯৫০টি। এর মধ্যে বয়স্ক ভাতার ১০৯টি আবেদন পূর্বে ভাতা ভোগরত অবস্থায় থাকায় তা বাতিল হয়। কতজনকে ভাতা প্রদান করা হবে এ বিষয়ে উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা আসলে সকলে জানিয়ে দেয়া হবে।<br>সিদ্ধান্ত : অনলাইনে আবেদনের পরবর্তী কার্যক্রম দ্রুত গ্রহন করে সঠিক উপকারভোগী বাছাই করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুলিয়ারচর |
| ১২. | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আলোচনায় অংশ নিয়ে বলেন খাদ্য বান্ধব কর্মসূচীর ভোক্তা তালিকা পেয়েছি। ভোক্তার নাম সফটওয়্যারে এন্টির কাজ চলমান আছে। ধান সংগ্রহ কার্যক্রম সন্তোষজনক। এ বছর অত্র উপজেলা ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা-৯১৪ মে:টন। এ পর্যন্ত সংগ্রহ হয়েছে-৮৫১ মে:টন ধান। সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা-৫৫৪ মে:টন। এ পর্যন্ত সংগ্রহ হয়েছে-৪০৬.৫ মে:টন চাল। এছাড়া আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে।<br>সিদ্ধান্ত : খাদ্য বান্ধব কর্মসূচির উপকারভোগীর নামের তালিকা সঠিকভাবে যাছাই করে এন্টি করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুলিয়ারচর |
| ১৩. | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন, আমাদের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক আছে। আমি সকলের সহযোগিতা চাই। আমাদের প্রশিক্ষণ কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে চালু আছে। তাছাড়া আমার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে।<br>সিদ্ধান্ত : বকেয়া ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুলিয়ারচর |
| ১৪. | মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন কুলিয়ারচর উপজেলায় চলতি মাসে মহিলাদের আত্ন কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ তহবিল হতে দুঃস্থ, দরিদ্র, স্বামী পরিত্যাক্তা ও প্রশিক্ষণ প্রাপ্ত ৩০ জন মহিলাদের মাঝে ২,০৫,০০০/- (দুই লক্ষ পাঁচ হাজার টাকা ক্ষুদ্র ঋণ হিসেবে বিতরণ করা হয়েছে। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল থেকে ২টি মামলার তদন্ত পেয়েছি। তদন্ত কার্যক্রম চলমান আছে।<br>সিদ্ধান্ত : নারী ও শিশু নির্যাতন দমনে ও বাল্য বিবাহ রোধে নিয়মিত সভা করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুলিয়ারচর |
| ১৫. | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন চলতি মাসে আমার ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন হয়েছে। ঋণ আদায় লক্ষ্যমাত্রা শতকরা ৬৮ ভাগ অর্জন হয়েছে। এছাড়া শেয়ার আদায় ও সঞ্চয় আদায় শতভাগ হয়েছে।<br>সিদ্ধান্ত : বকেয়া ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুলিয়ারচর |
| ১৬. | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন চলতি মাসে আশ্রয়ণ প্রকল্পে ঋণ আদায় কার্যক্রম শুরু করেছি। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | উপজেলা সমবায় অফিসার,কুলিয়ারচর |
| ১৭. | বন বিভাগ | ভারপ্রাপ্ত সামাজিক বনায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | |
| ১৮. | বিদ্যুৎ (বিউবো) | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) আলোচনায় অংশ নিয়ে বলেন, কুলিয়ারচর উপজেলায় ৬২টি ট্রান্সফর্মার এর মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। আমি গত মাসে কুলিয়ারচর উপজেলায় সহকারী প্রকৌশলী বিদ্যুৎ হিসেবে যোগদান করেছি। গত মাস পর্যন্ত কুলিয়ারচর উপজেলায় মোট ৫ কোটি টাকার বিদ্যুৎ বিল বকেয়া আছে। আমি অনুরোধ করবো যাদের বিল বকেয়া আছে তারা বিল পরিশোধ করে আমাকে সহযোগিতা করবেন। আমি নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার জন্য সর্বোচ্চ চেষ্টা চালিয়ে যাবো।<br>সিদ্ধান্ত : নিবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য অনুরোধ জানানো হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কুলিয়ারচর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম, পল্লী বিদ্যুত বলেন আমাদের পল্লী বিদ্যুৎ পরিস্থিতি ভাল আছে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কুলিয়ারচর |
| ২০. | দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান আমাদের ঋণ বিতরন ও আদায় কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে চলছে। আমার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কুলিয়ারচর |
| ২১. | বিএডিসি(সেচ) | সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) এর প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন আমাদের বেসরকারি বিদ্যুতের সেচের জন্য ছাড়পত্র আহবান করছি। উছমানপুর ইউপিতে গভীর নলকূপ স্থাপনে সমস্যা সৃষ্টি হচ্ছে। এছাড়া আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংক এর সমন্বয়কারী আলোচনায় অংশ নিয়ে বলেন, জুলাই থেকে আমার বাড়ি আমার খামার পল্লী সঞ্চয় ব্যাংকে রুপান্তরিত হয়েছে। গত মাসে আমার ৫০ লক্ষ টাকা আদায় হয়েছে। আদায়ের হার সন্তোষজনক। মাঠ সহকারী, ফিল্ড সুপারভাইজার এবং উপজেলা সমন্বয়কারী নিয়মিত সমিতিগুলি পরিদর্শন করেন। | সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা উন্নয়ন ফ্যাসিলেটর জানান যে, আমাদের ৬টি প্রশিক্ষণের মধ্যে ৬টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের ১ম পর্যায় জুন মাসে শেষ হয়েছে। এছাড়া আমার দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে। | উপজেলা উন্নয়ন ফ্যাসিলেটর, কুলিয়ারচর |
| ২৪ | কুলিয়ারচর পৌরসভা | মেয়র, কুলিয়ারচর পৌরসভা আলোচনায় অংশ নিয়ে বলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান সভার শুরুতে একটি বিষয় উপস্থাপন করে সে বিষয়ে পরামর্শ চেয়েছেন। আমার কথা হলো যিনি পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে টেন্ডার আহবান করেছেন। তিনি টেন্ডার ড্রপিং করার সময় যারা তার আহবানে সারা দিয়ে সিডিউল ক্রয় করেছেন। তাদের প্রত্যেককে তার অফিসে রক্ষিত বাক্সে ড্রপিং করার সময় নিরাপত্তার ব্যবস্থা করবেন। কারণ যিনি এই সভার সভাপতি তিনি এ বিষয়ে আলোচনা করতে আহবান করেছেন। এখানে আমরা কেউ কাউকে ব্যক্তিগত ভাবে হেয় প্রতিপন্ন করার জন্য আলোচনা করছি না। আমরা জনগণের প্রতিনিধি। আমরা জনগণের ভাল, কল্যাণ হয় মঙ্গলের জন্য আলোচনা করছি। ঘটনাটি গণমাধ্যমে ভাইরাল হলো কিন্তু এখন পর্যন্ত প্রশাসনের পক্ষ হতে কোন তৎপরতা আমরা দেখিনি। | মেয়র, কুলিয়ারচর পৌরসভা |
| ২৫ | গোবরিয়া আব্দুল্লাহপুর ইউনিয়ন | গোবরিয়া আব্দুল্লাহপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলোচনায় অংশ নিয়ে বলেন, গত বছর বয়স্ক ভাতার বিষয়ে মাইকিং করে লোকজন লাইনে দাড়িয়ে প্রত্যেকের আইডি কার্ড সংগ্রহ করে সমাজসেবা অফিসে নিয়ে আসেন। আমরা চেয়ারম্যানগণ জানতে পারিনি কে কে ভাতা পেল। পরবর্তীতে আমাদের কাছে একটি তালিকা পাঠানো হলো এখানে দেখা যায় ১২ জন ইউপির প্রতিনিধি স্বাক্ষর করতে হবে আর সমাজসেবার মাত্র ১জন প্রতিনিধি স্বাক্ষর করবে। কাজেই আমাদের স্বাক্ষর যদি লাগে তাহলে যাদের ভাতার জন্য নির্বাচন করা হয় তাদের বিষয়ে আমাদের সাথে সমন্বয় করলে ভালো হবে। | চেয়ারম্যান, গোবরিয়া আ: ইউনিয়ন পরিষদ, কুলিয়ারচর |
| ২৬ | উছমানপুর ইউপি | উছমানপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আলোচনায় অংশ নিয়ে বলেন, অনেক বৃদ্ধ লোক মারা যাচ্ছে। তাদের ভাতার কার্ড সমাজসেবা অফিস আমাদের সাথে সমন্বয় না করে অন্য ব্যক্তিকে দিয়ে দিচ্ছে। এতে সমস্যার সৃষ্টি হচ্ছে। | চেয়ারম্যান, উছমানপুর ইউপি |
| ২৭ | সালুয়া ইউপি | সালুয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আলোচনায় অংশ নিয়ে বলেন আমার এলাকার ডলি কনস্ট্রাকশন ফার্মের রাস্তা দীর্ঘদিন যাবত পড়ে থাকায় লোকজন ভোগান্তি পোহাচ্ছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশল বিভাগকে অনুরোধ জানাচ্ছি। | চেয়ারম্যান, সালুয়া ইউপি, কুলিয়ারচর |
| ২৮ | ফরিদপুর ইউনিয়ন | ফরিদপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আলোচনায় অংশ নিয়ে বলেন আমার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চেয়ারম্যান, ফরিদপুর ইউপি, কুলিয়ারচর |
| ২৯ | ছয়সূতি ইউনিয়ন | ছয়সূতি ইউপি চেয়ারম্যান আলোচনায় অংশ নিয়ে বলেন, আজকে মাননীয় প্রধান মন্ত্রীর ৭৫ তম জন্ম বার্ষিকী উদযাপিত হচ্ছে। করোনা পরিস্থিতি সহনীয় পর্যায়ে এসেছে। বৃষ্টির কারনে আমার এলাকার অনেক রাস্তা নষ্ট হয়ে গেছে। মাধবদী ব্রীজ থেকে নিয়ে দুই রাস্তার পাশে পুকুর ভেঙ্গে রাস্তা নষ্ট হচ্ছে। এছাড়া আমার ইউপির দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে। | চেয়ারম্যান, ছয়সূতি ইউপি, কুলিয়ারচর |

CamScanner

<table>
<tr>
<td>৩০</td>
<td>রাজস্ব ব্যয়</td>
<td>
উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ই-দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২১-২০২২ এর পত্রিকার বিজ্ঞাপন বিল বাবদ দৈনিক ভোরের কাগজ ১৮,৬৩০/- টাকা, দি ডেইলি সান-১১,২৪০/- টাকা এবং দৈনিক আমার বাংলাদেশ-৫,১৭৫/- টাকা। ০৩টি পত্রিকার সর্বমোট (১৮৬৩০+১১২৪০+৫১৭৫)= ৩৫,০৪৫/-(পঁয়ত্রিশ হাজার পঁয়তাল্লিশ) টাকার বিল উপজেলা প্রকৌশলী অত্রাফিস দাখিল করেছেন। বিলসমূহ পরিশোধের নিমিত্ত উপজেলা পরিশোধের অনুমোদন প্রয়োজন।
সিদ্ধান্ত : এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পত্রিকার বিজ্ঞাপন বিল পরিশোধের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের অর্থায়নে নিম্নে বর্ণিত প্রকল্পটি বাস্তবায়ন করা প্রয়োজন। প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রকল্পটি বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের সভায় অনুমোদন প্রয়োজন।
খ) উপজেলা পরিষদের নীচতলা সম্মেলন কক্ষের মঞ্চ টেবিল, ডায়াস সংস্কার ও দরজা জানালার পর্দা, সাউন্ড সিস্টেম (wireless Set) ক্রয় বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>নাম ও পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>০১</td><td>মোঃ আব্বাস উদ্দিন, চেয়ারম্যান, গোবরিয়া আব্দুল্লাহপুর ইউনিয়ন পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ</td><td>সভাপতি</td></tr>
<tr><td>০২</td><td>মোঃ ওবায়দুল্লাহ, সাঁট মুদ্রাক্ষরিক, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>মোঃ ইমরান হোসেন, একাউন্টেন্ট ক্লার্ক, উপজেলা নির্বাহী অফিস, কুলিয়ারচর, কিশোরগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>জনাব মোঃ ইয়াসিন মিয়া, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>মোঃ আরমান হোসাইন, সাটমুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিস, কুলিয়ারচর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬</td><td>জনাব রাজিব কুমার দাস, টেকনিশিয়ান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭</td><td>মোঃ লায়েছ মিয়া, উপসহকারী, এলজিইডি, কুলিয়ারচর, কিশোরগঞ্জ</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
সিদ্ধান্ত : এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদে রাজস্ব তহবিল হতে প্রকল্পটি বাস্তবায়ন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
</td>
<td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ</td>
</tr>
<tr>
<td>৩১</td>
<td>বিবিধ আলোচনা</td>
<td>উপজেলা নির্বাহী অফিসার বলেন, আজকে একটি বিশেষ দিন। আজ আমাদের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ৭৫তম জন্ম বার্ষিকী। উনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করি। টেন্ডার বিষয়ে আমি বলতে চাই টেন্ডার ওপেনিং কমিটি দরপত্র বাক্স খুলবে। টেন্ডার ওপেনিং এর সময় সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য কুলিয়ারচর থানাকে চিঠি দেই। তারা আমাদের সব সময় সহযোগিতা করে। ২৭/০৯/২০২১ খ্রি. তারিখে টেন্ডার বিষয়ে আমি একটি লিখিত অভিযোগ পেয়েছি। অভিযোগের প্রেক্ষিতে আমি ০৩ (তিন) সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছি। তদন্ত কমিটির সদস্যগণ হলেন-১। উপজেলা কৃষি কর্মকর্তা, কুলিয়ারচর ২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুলিয়ারচর ও ৩। উপজেলা একাডেমিক সুপারভাইজার, কুলিয়ারচর। যদি কোন বিডি ছিনতাই হয়ে তাকে তাহলে ভিকটিম থানায় জিডি বা মামলা করবে। উপজেলা নির্বাহী অফিসারের কাজ হচ্ছে টেন্ডার ড্রপিংয়ের সময় সৃষ্ট বিশৃঙ্খলাকারীদের তদন্তের মাধ্যমে চিহ্নিত করে পরবর্তীতে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া</td>
<td>১। উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর কিশোরগঞ্জ</td>
</tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৩২ | বিবিধ আলোচনা | উপজেলা চেয়ারম্যান আলোচনায় অংশ নিয়ে বলেন, আমি গত ১৮/০৯/২০২১ খ্রি. তারিখ কোভিড-১৯ এ আক্রান্ত হয়েছিলাম। আপনাদের সকলের দোয়ায় আমি সুস্থ হয়েছি। গত ২৭/০৯/২০২১ খ্রি. তারিখ কুলিয়ারচর উপজেলায় নির্বাহী অফিসারের কার্যালয়ে টেন্ডার ড্রপিং নিয়ে যে নেক্কারজনক ঘটনা ঘটেছে তা কুলিয়ারচরের ইতিহাসে নজিরবিহীন। যেহেতু ঘটনাটি আমার উপজেলা পরিষদের ভিতরে ঘটেছে তাই আমি আমার পর্যায় থেকে আজকে উপস্থিত সকল সদস্যদের বিষয়টি অবহিত করছি। এ বিষয়ে আপনারা সবাই ভেবে আমাকে পরামর্শ দিবেন। আমরা কি প্রদক্ষেপ নিতে পারি। আজকে সকল ইলেক্টনিক ও প্রিন্ট মিডিয়ায় ৪০ লক্ষ টাকার টেন্ডার ছিনতাই খবরটি প্রচার হয়েছে। আমাদের ভারমুর্তি ক্ষুন্ন হয়েছে। আমরা জনগণের প্রতিনিধি আর আপনারা সরকারি কর্মকর্তাগণ রাষ্ট্রের প্রতিনিধি হিসেবে কাজ করেন। যেহেতু আমরা জনগণের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালন করি সেহেতু জনগণ আমাদের কাছে তাদের বিভিন্ন চাওয়া পাওয়ার চাহিদা নিয়ে আসে। গত ২৭/০৯/২০২১ খ্রি. তারিখ এক পক্ষ আমার বাড়িতে গিয়ে হাজির হয়ে বলে আমরা টেন্ডার উপজেলায় জমা দিতে পারছি না। তখন আমি বললাম কেন তারা বললেন অপর পক্ষের লোকজন আমাদেরকে বাধা দিচ্ছে। তখন আমি আমার পিএস ইকবালকে পাঠায় সিডিউলটি টেন্ডার বাক্সে জমা দিয়ে আসার জন্য। ইকবাল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে বাক্সে জমা দেওয়ার সময় তার কাছ থেকে অপর পক্ষের লোকজন টেন্ডার ছিনতাই করে নিয়ে যায়। এখানে সিডিউলের সাথে ৩০ লক্ষ টাকার বিডিও ছিনতাই হয়েছে। ঘটনাটি যদি উপজেলা পরিষদের ভিতরে না হতো তাহলে আমাদের দায় দায়িত্ব ছিল না। যেহেতু ইউএনও মহোদয়ের অফিসের সামনে রক্ষিত বাক্স হতে টেন্ডার ছিনতাই হয়েছে সেহেতু এ বিষয়ে তিনি কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা জানাবেন। আমরা জনগণের নির্বাচিত প্রতিনিধি আর আপনারা সরকারের প্রজাতন্ত্রের কর্মচারী। আমরা একে অন্যের প্রতিপক্ষ নয়। আমরা সবাই মিলে মিশে সুন্দরভাবে কুলিয়ারচর বাসীর জন্য কাজ করতে চাই। রাস্তার পাশে যে পাড়বিহীন পুকুরগুলি আছে তার ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার এবং এলজিইডি কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা জানানোর জন্য অনুরোধ করা হলো। এছাড়া উপজেলা পরিষদের সরকারি কোয়াটারে উপজেলার স্টাফ ছাড়া যারা অন্যত্র চাকুরি করেন বিশেষ করে হাসপাতালে তাদের বরাদ্দ বাতিলের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ |

উপস্থিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ইয়াছির মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুলিয়ারচর, কিশোরগঞ্জ

CamScanner

স্মারক নং : ০৫.৪১.৪৮৫৪.০০০.০০.০০০.২০-৮৩১(১)

তারিখ ঃ ২৮/০৯/২০২১খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। জনাব নাজমুল হাসান পাপন, মাননীয় সংসদ সদস্য-১৬৭, কিশোরগঞ্জ-৬ ও মাননীয় উপদেষ্টা, উপজেলা পরিষদ, কুলিয়ারচর
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
০৫। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ
০৮। জেলা..............................কর্মকর্তা, কিশোরগঞ্জ
০৯। মেয়র, কুলিয়ারচর, পৌরসভা, কিশোরগঞ্জ
১০। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১১। উপজেলা....................................................অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১২। ইউপি চেয়ারম্যান- গোবরিয়া আব্দুল্লাহপুর/রামদী/সালুয়া/ছয়সূতী/উছমানপুর/ফরিদপুর, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১৩। অফিস নথি

২৮/৯/২১

(রুবাইয়াৎ ফেরদৌসী)
উপজেলা নির্বাহী অফিসার
কুলিয়ারচর, কিশোরগঞ্জ
মোবাইল : ০১৯৫৮-৪০০৪১৯
ইমেইল : unokuliarchar@mopa.gov.bd

CamScanner

উপজেলা পরিষদের সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর

| ক্র: নং | নাম ও পদবী | তারিখ ও স্বা: ২৮/০৯/২০২১ | তারিখ ও স্বা: ১৪/১০/২০২১ | তারিখ ও স্বা: ১৭/১১/২০২১ | তারিখ ও স্বাক্ষর ০৯/১২/২০২১ | তারিখ ও স্বাক্ষর ১৭/০১/2022 | ১৭/02/2022 | ১৪/03/2022 | ২৮/04/2022 |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] 17-01-2022 | [signature] | [signature] | [signature] |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ১৭/০১/২২ | [signature] 17.2.22 | [signature] | [signature] |
| ০৫ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | — | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১০ | ~~[illegible]~~ কুলিয়ারচর, কিশোরগঞ্জ | | | | | | | | |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ১৭/০১/২২ | [signature] | [signature] | [signature] |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৪ | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ) কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | | | | | [signature] | |
| ১৫ | উপজেলা সমবায় কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর

| ক্র: নং | নাম ও পদবী | তারিখ ও স্বাঃ ২৮/০৯/২০২১ | তারিখ ও স্বাঃ ১৪/১০/২০২১ | তারিখ ও স্বাঃ ১৭/১১/২০২১ | তারিখ ও স্বাক্ষর ০৯/১২/২০২১ | তারিখ ও স্বাক্ষর ১৭/০১/২০২২ | ১৭/০২/2022 | ১৪/০৩/2022 | ১৮/৪/2022 | ২৪/০৫/২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | | [illegible] | [illegible] | |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কুলিয়ারচর, কিশোরগঞ্জ | 28.09.2021 | 14.10.2021 | ১৭/১১/২২ | ০৯/১২/২০২২ | 17.01.2022 | 17.02.2022 | ১৪/৩/22 | | |
| ১৮ | উপসহকারী প্রকৌশলী, বিআইডব্লিউটিএ বিআইডব্লিউটিএ ঘাট, কুলিয়ারচর | 28.09.21 | 14.10.21 | 17.12.21 | 09.12.21 | 17.01.22 | [illegible] | 14.03.2022 | 18.04.22 | |
| ১৯ | ডিজিএম পল্লী বিদ্যুৎ কুলিয়ারচর, কিশোরগঞ্জ | 28/09 | ১৪/১০ | ১৭/১১ | | 17.1.22 | | 14.3.22 | 18.4.22 | |
| ২০ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কুলিয়ারচর, কিশোরগঞ্জ | 28.09.2021 | 14.10.2021 | 17.11.2021 | 09.12.2021 | | [illegible] | [illegible] | [illegible] | |
| ২১ | উপজেলা সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক কুলিয়ারচর | 28.09.21 | 14.10.21 | 17.11.21 | 09.12.21 | ১৭/০১/22 | ১৭/০২/22 | 14.02.22 | 18.04.22 | |
| ২২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মঃ কুলিয়ারচর, কিশোরগঞ্জ | ২৮/০৯/২১ | ১৪/১০/২১ | ১৭/১১/২১ | ০৯/১২/২১ | ১৭/১/22 | ১৭/২/22 | ১৪/৩/22 | [illegible] | |
| ২৩ | উপজেলা উন্নয়ন ফ্যাসিলেটর কুলিয়ারচর, কিশোরগঞ্জ | ২৮/০৯/২১ | ১৪/১০/২১ | ১৭/১১/২০২১ | [illegible] | ১৭/০১/২০২২ | | ১৪/৩/22 | | |
| ২৪ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | ২৮/০৯/২১ | ১৪/১০/২১ | ১৭/১১/২১ | ০৯/১২/২১ | ১৭/০১/22 | ১৭/০২/22 | ১৪/৩/22 | ১৮/৪/22 | |
| ২৫ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ কুলিয়ারচর, কিশোরগঞ্জ | | | | | ১৭/০১/২২ | | ১৪/৩/২২ | [illegible] | |
| ২৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | ২৮/০৯/২১ | ২৪/১০/২১ | ১৭/১১/২১ | ০৯/১২/২১ | ১৭/০১/22 | ১৭/০২/22 | ১৪/০৩/22 | | |
| ২৭ | উপজেলা সমাজসেবা অফিসার কুলিয়ারচর, কিশোরগঞ্জ | ২৮/৯/২১ | ১৪/১০/২১ | ১৭/১১/২০২১ | ০৯/১২/২১ | ১৭/০১/২২ 17.01.2022 | ১৭/০২/২২ 17.02.2022 | | ১৮/৪/২২ | |
| ২৮ | সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | [illegible] | [illegible] | [illegible] | | | | | | |
| ২৯ | [illegible] কর্মকর্তা | [illegible] | | | | | | | | |
| ৩০ | | | | | | ১৭/০১/২২ | | | [illegible] | |
| ৩১ | সভাপতি কুলিয়ারচর প্রেস ক্লাব কল্যাণ সমিতি | | | | | | | | | |
| ৩২ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | | | | | | | | | |

কর্মকর্তাগণের স্বাক্ষর

| ক্র: নং | নাম ও পদবী | ২৪/৫/২০২২ | ২৮/৬/২০২২ | ২৫/৭/২০২২ | ৩০/৮/২০২২ | ২৬/৯/২০২২ | ৩১/১০/২০২২ | ২৮/১১/২০২২ | ২৯/১২/২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার কুলিয়ারচর | | | | | | | | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কুলিয়ারচর | | | 25/7/22 | 30/8/22 | 26/9/22 | 31/10/22 | 28/11/22 | 29/12/22 |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা কুলিয়ারচর | | | | | | | | |
| ০৪ | অফিসার ইনচার্জ কুলিয়ারচর থানা | | | | | | ৩১/১০/২২ | | |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্ম কুলিয়ারচর | | | | | | ৩১/১০/২২ | | 29.12.22 |
| ০৬ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, কুলিয়ারচর | | | | | FA | | | ২৯/১২/২২ |
| ০৭ | উপজেলা প্রকৌশলী কুলিয়ারচর | | | | | | | | |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলিয়ারচর | | | | | | | | |
| ০৯ | উপজেলা শিক্ষা কর্মকর্তা কুলিয়ারচর | | | | | | | | |
| ১০ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুলিয়ারচর | | | | | | | | |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুলিয়ারচর | | | | | 26/9/22 | ৩১/১০/২২ | ২৮/১১/২০২২ | |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুলিয়ারচর | | | | | | ৩১-১০-২২ | ২৮/১১/২২ | |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুলিয়ারচর | ২৪.৫.২০২২ | ২৮.৬.২০২২ | ২৫.৭.২০২২ | ৩০/৮/২০২২ | | ৩১/১০/২০২২ | ২৮/১১/২০২২ | ২৯.১২.২০২২ |
| ১৪ | আবাসিক প্রকৌশলী (বিঃ) কুলিয়ারচর | | | 250722 | 300822 | 260922 | | | |
| ১৫ | উপজেলা সমবায় কর্মকর্তা কুলিয়ারচর | | | ২৫/০৭/২২ | | | | | |

| ক্র: নং | নাম ও পদবী | ২৪/৫/২০২২ | ২৩/০৬/২০২২ | ২৫/৭/২০২২ | ৩০/৮/২০২২ | ২৬/০৯/২০২২ | ৩১/১০/২০২২ | ২৮/১১/২০২২ | ২৯/১২/২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মঃ কুলিয়ারচর | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কুলিয়ারচর | [signature] | [signature] 23/06/2022 | [signature] 25/7/22 | [signature] 30/08/2022 | [signature] 26.09.2022 | [signature] | | [signature] 29.12.2022 |
| ১৮ | উপ সহকারী প্রকৌশলী ডিপিএইচই (জন) কুলিয়ারচর | [signature] 24.05.22 | [signature] 23.06.22 | [signature] 25.07.22 | [signature] 30.08.22 | [signature] 26.09.22 | [signature] 31.10.22 | | [signature] 29.12.22 |
| ১৯ | ডিজিএম-পল্লী বিদ্যুৎ কুলিয়ারচর | [signature] 24.05.22 | [signature] 22.6 | [signature] 25.7.22 | [signature] 30.8 | [signature] 26.09.22 | [signature] 31.10.2022 | [signature] 28.11 | [signature] 29.12 |
| ২০ | উপসহকারী প্রকৌশলী (জনস্বা) কুলিয়ারচর | [signature] | [signature] | [signature] 25.07.22 | [signature] 30.08.2022 | [signature] | [signature] 31.10.2022 | [signature] 28.11.2022 | [signature] 29.12 |
| ২১ | উপজেলা সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক | [signature] 24.05.22 | [signature] 23.05.22 | [signature] 26/07/22 | [signature] 30.8.22 | [signature] 26.09.22 | [signature] 31.10.22 | [signature] 28.11.22 | [signature] 29/12/22 |
| ২২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, কুলিয়ারচর | [signature] 24/05/22 | [signature] 23/06/22 | [signature] 26/07/22 | [signature] 30/08/22 | [signature] 26/09/22 | [signature] 31/10/22 | [signature] 28/11/22 | [signature] 29/12/22 |
| ২৩ | উপজেলা উন্নয়ন ফ্যাসিলিটেটর কুলিয়ারচর | [signature] 24.05.22 | [signature] 23/06/22 | [signature] 25/07/22 | [signature] 30/08/22 | [signature] 26/09/22 | [signature] 31/10/22 | [signature] | [signature] 29/12/22 |
| ২৪ | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, কুলিয়ারচর | [signature] 24.05.22 | [signature] 23/06/22 | [signature] 25/07/22 | | | | [signature] 28/11/2022 | |
| ২৫ | ভারপ্রাপ্ত বন কর্মকর্তা কুলিয়ারচর | | [signature] 23/06/22 | | [signature] | [signature] | [signature] | [signature] 28/11/22 | [signature] 29/12/22 |
| ২৬ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুলিয়ারচর | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ২৭ | স্টেশন অফিসার ফায়ার সার্ভিস ও সিভিল ডিঃ | | [signature] | | | [signature] | | | |
| ২৮ | উপজেলা নির্বাচন অফিসার কুলিয়ারচর | | | | | [signature] 26/09/22 | | | |
| ২৯ | | | | | | | | | |
| ৩০ | | | | | | | | | |

উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর   জন প্রতিনিধি

| ক্র.নং | নাম ও পদবী | তারিখ ও স্বাক্ষর ০৩/১২/২০২১ | তারিখ ও স্বাক্ষর ১৭/০১/২০২২ | তারিখ ও স্বাক্ষর ১৭/০২/২০২২ | ১৪/০৩/২০২২ | ১৮/০৪/২০২২ | ২৪/০৫/২০২২ | ২৬/ ৬/২০২২ | ২৫/৭/২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর | [signature] | | | | | [signature] | [signature] | [signature] |
| ০২ | মেয়র কুলিয়ারচর পৌরসভা | [signature] | [signature] | | | [signature] | [signature] | | [signature] |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুলিয়ারচর | Saidanam | [signature] | Saidanam | Saidanam | Saidanam | Saidanam | Saidanam | Saidanam |
| ০৫ | চেয়ারম্যান গোবরিয়া আব্দুল্লাহপুর ইউপি | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৬ | চেয়ারম্যান রামদী ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] ২১-৩-২০২২ | [signature] ১৮-৪-২০২২ | [signature] ২৪-৫-২০২২ | [signature] ২৬-৬-২০২২ | [signature] ২৫-৭-২০২২ |
| ০৭ | চেয়ারম্যান উছমানপুর ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮ | চেয়ারম্যান ছয়সূতি ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯ | চেয়ারম্যান সালুয়া ইউপি | [signature] | | [signature] ১৭.২.২২ | [signature] ১৪-৩-২২ | [signature] | [signature] | [signature] | [signature] ২৫-০৭-২০২২ |
| ১০ | চেয়ারম্যান ফরিদপুর ইউপি | [signature] | [signature] ১৭-১-২২ | [signature] ১৭/২/২২ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১১ | মো: জিল্লুর রহমান, বীরমুক্তিযোদ্ধা ও সদস্য, জেলা পরিষদ, কিশোরগঞ্জ | [signature] | | [signature] ১৭/২/২২ | | | [signature] | [signature] | [signature] |
| ১২ | জনাব নাছিমা আক্তার সংরক্ষিত মহিলা সদস্য, জেলা পরিষদ | [signature] ০৩/১২/২০২১ | [signature] ১৭/০১/২২ | [signature] ১৭/০২/২২ | [signature] | | | | |
| ১৩ | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য-১, কুলিয়ারচর | | | | | | | | |
| ১৪ | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য-২, কুলিয়ারচর | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | |

উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

| ক্র: | নাম ও পদবী | তারিখ ও স্বা: ২৮/০৯/২০২১ [illegible] | তারিখ ও স্বা: ১৪/১০/২০২১ | তারিখ ও স্বা: ১৭/১১/২০২১ |
|---|---|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য কিশোরগঞ্জ - ৬ | [signature] | [signature] | [signature] |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর | [signature] | [signature] | |
| ০৩ | মেয়র কুলিয়ারচর পৌরসভা | [signature] | [signature] | [signature] |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর | [signature] | [signature] | [signature] |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুলিয়ারচর | [signature] | [signature] | [signature] |
| ০৬ | চেয়ারম্যান গোবরিয়া আব্দুল্লাহপুর ইউপি | [signature] | [signature] | [signature] |
| ০৭ | চেয়ারম্যান, রামদী ইউনিয়ন পরিষদ | [signature] | [signature] | [signature] |
| ০৮ | চেয়ারম্যান উছমানপুর ইউনিয়ন পরিষদ | [signature] | [signature] | |
| ০৯ | চেয়ারম্যান ছয়সূতি ইউনিয়ন পরিষদ | [signature] | [signature] 14.10.2021 | [signature] 17/11/2021 |
| ১০ | চেয়ারম্যান সালুয়া ইউনিয়ন পরিষদ | [signature] | [signature] | |
| ১১ | চেয়ারম্যান ফরিদপুর ইউনিয়ন পরিষদ | [signature] | [signature] | [signature] |
| ১২ | মো: জিল্লুর রহমান, বীরমুক্তিযোদ্ধা সদস্য, জেলা পরিষদ, কিশোরগঞ্জ | | | |
| ১৩ | নাছিমা আক্তার সংরক্ষিত মহিলা সদস্য, জেলা প: | [signature] | [signature] | |
| ১৪ | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ১, কুলিয়ারচর | | | |
| ১৫ | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য - ২, কুলিয়ারচর | | | |